

৭২৮



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৫৮-২৯

তারিখঃ ২৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মেরুয়াখলা, উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৭.১২.২০১৫ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৫ খ্রিঃ থেকে ২৬.০৪.২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। অধ্যক্ষের শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৩। অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে উপস্থিত করানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪। উপাধ্যক্ষ, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের মাদরাসায় নিয়মিত আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে।
- ৫। শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং শ্রেণিকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে।
- ৬। মাদরাসার শিক্ষক জনাব মাওলানা আব্দুল মালেক কারাগারে থাকাকালীন অবস্থায় সরকারি বেতন-ভাতা উত্তোলনের বিষয়টি যাচাই-বাছাই করে গভর্নিং বডি কর্তৃক ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। মাদরাসার নামের জমিগুলো বার্ষিক রওজমা (লগ্নি) দেয়ার ক্ষেত্রে উনুক্ত ডাকের ব্যবস্থা করতে হবে এবং দখলে থাকা জমিগুলো উদ্ধারের ব্যবস্থা করতে হবে।
- ৮। মাদরাসার যে সকল জমি নামজারী নেই সেসব জমি আগামী ১ বছরের মধ্যে নামজারী করতে হবে এবং হালনাগাদ খাজনা পরিশোধ করে বিশ্ববিদ্যালয়কে লিখিতভাবে জানাতে হবে।
- ৯। মাদরাসার সকল আয় ব্যাংকে জমা দিতে হবে এবং ব্যয়ের ক্ষেত্রে ব্যাংক থেকে টাকা উত্তোলন করে ব্যয় ভাউচার সংরক্ষণ করতে হবে।
- ১০। প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইয়ের আয়ের খাতে রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ রাখতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচার তৈরী করে ক্রমিক নং উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডির সভার মাধ্যমে আয়-ব্যয়ের অনুমোদন নিতে হবে।
- ১১। ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থের রশিদ প্রদান করতে হবে।
- ১২। গভর্নিং বডির সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে।
- ১৩। শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টয়লেটগুলো সংস্কার করে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১৪। প্রশাসনিক, একাডেমিক ও অন্যান্য দক্ষতা বৃদ্ধির জন্য উপাধ্যক্ষের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৫। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Suthe...
12.05.2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা

ডাকঘরঃ মেরুয়াখলা, উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, মেরুয়াখলা মমিনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মেরুয়াখলা, উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ।
- ৮। অফিস নথি।